মহাদেবপুর উপজেলা পরিষদে ২০/১২/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আহসান হাবীব
উপজেলা পরিষদ চেয়ারম্যান
মহাদেবপুর,নওগাঁ।

সভার তারিখ : ২০/১২/২০২১ খ্রিঃ

সভার সময় : সকাল ১১: ০০ টা।

সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি উপস্থিত দপ্তর প্রধানদের বক্তব্য তুলে ধরার আহবান জানান।

০১। বিভাগীয় আলোচনা :

১.১। কৃষি বিভাগ:

উপজেলা কৃষি কর্মকর্তা জানান, এ বছর বোরো ফসলের লক্ষ্যমাত্রা ২৮০৪০ হেক্টর । বোরো বীজতলা ১৮৫৫ হেক্টর বোপন হয়েছে। এ পর্যন্ত উপশী বোরো ২৫০ হেক্টর জমিতে রোপন করা হয়েছে। মাঠে বোরো রোপন কার্যক্রম চালু আছে। বোরো ও শাক সবজির বর্তমান অবস্থা ভাল। কোথাও পোকা-মাকড় ও রোগ বালাইয়ের উল্লেখযোগ্য সমস্যা নেই। মাঠে সার, বিদ্যুৎ ও জ্বালানী তেলের মজুদ ও সরবরাহ সন্তোষজনক। ২০২০-২০২১ অর্থ বছর রবি মৌসুমে কৃষি প্রণোদনার আওতায় ১২.৩০০ জন কৃষকের মাঝে বোরো হাইব্রিড ৬০০০, বোরো উফশী ২৩০০, গম৪০০, ভূট্টা ৭০০, সরিষা ১৭০০, সূর্যমুখী ২০০, মসুর ৩৬০, খেসারী ৪০০, চীনাবাদাম ৫০, মুগ ৭০ ও পিঁয়াজ ১২০ কৃষকের মাঝে বিনা মূল্যে বীজ ও সার বিতরণ সম্পন্ন হয়েছে। বর্তমান সার্বিক অবস্থা ভাল।

১.২। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর:

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, অত্র দপ্তর কর্তৃক ডিসেম্বর/২০২১ মাসের ভিজিডি চাউল বিতরণ সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ থেকে সম্পন্ন হয়েছে। দাপ্তরিক জরুরি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক-ভাবে চলছে।

১.৩। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ):

সভায় সহকারী প্রকৌশলী (বরেন্দ্র) জানান যে, বর্তমানে মহাদেবপুর উপজেলায় ৫৫১ টি গভীর নলকূপ সচল রয়েছে। রবি মৌসুমের সেচ কার্যক্রমের তেমন কোন সমস্যা নেই। দাপ্তরিক সকল কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৪। উপজেলা সমাজসেবা বিভাগ:

সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রমের আওতায় চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় বয়স্ক ও বিধবা ভাতার আবেদন ইতোমধ্যেই গ্রহণ করা হয়েছে। উপকারভোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১৪,৬৩২ জন, বিধবা ভাতা ৭৭৬৫ জন, প্রতিবন্ধী ভাতা ৫১৭২ জন, হরিজন ভাতা ১৬০ জন, হিজরা ভাতা ১ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ৫৩৬ জন, হরিজন উপবৃত্তি ৩০ জন হিজরা উপবৃত্তি ১ জন । চলতি মাসে বিনিয়োগ ও পুন: বিনিযোগ মিলিয়ে প্রায় ১৭ লক্ষ টাকা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ বিতরণ করা হবে। দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত রয়েছে।

১.৫। উপজেলা শিক্ষা অফিস :

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দপ্তরের বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। কোন সমস্যা নেই।

১.৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, স্বাস্থ্যবিধি মেনে অত্র দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই।

১.৭। উপজেলা মৎস্য অফিস:

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর কার্যালয়ের কার্যক্রম বিষয়ে বর্ণনা করে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগত মৎস্য চাষীকে মাছ চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়েছে। এ ছাড়া রাজস্বক খাতের আওতায় ২দিন ব্যাপী গুলসা,পাবদা ও টেংরার সাথে কার্পজাতীয় মাছ এবং স্বাস্থ্য সম্মত উপায়ে নিরাপদ সুটকি উৎপাদন কৌশল সংক্রান্ত যথাক্রমে ২০ জন + ২০ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

চলমান পাতা-২

১.৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :

সভায় সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২৬০ টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.৯। উপজেলা যুব উন্নয়ন অফিস:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, এবারই প্রথম নওগাঁতে ড্রাইভিং প্রশিক্ষণ শুরু হবে। ৭ জন যুবদের প্রশিক্ষণের জন্য নওগাঁ যুব প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

১.১০। উপজেলা সমবায় অফিস:

উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, আগামী ০৬/১১/২০২১ খ্রি: তারিখ রোজ শনিবার ৫০ তম জাতীয় সমবায় উদ্‌যাপিত হবে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পাালন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সমবায় সমিতিসমূহের অডিট, পরিদর্শন, তদারকি/পরিচর্যা প্রভৃতি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.১১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস:

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আলোচ্য মাসে সেবাগ্রহীতার তথ্য সম্পর্কে জানান যে, বহিঃ বিভাগ ৭৮০৬ জন অন্তঃ বিভাগ-৫৭৩ জন, জরুরি বিভাগ-১১৯৫ জন, উপস্বাস্থ্য কেন্দ্র (৫টি)=৭৬৮৮ জন। নরমাল ডেলিভারী-২০ জন এবং কুকুর ও অন্যান্য প্রাণির কামড়ানো রোগীর সংখ্যা-৯৪ জন, বর্তমানে ভ্যাকসিন মজুদ নাই। বিষ খাওয়া রোগী- ৫৯ জন (পুরুষ-৩৩ জন, মহিলা-২৬ রোড অ্যাকসিডেন্ট রোগীর সংখ্যা ১৪৬ জন, পানিতে ডোবা রোগী ০১জন। কমিউনিটিভিশন সেন্টারে মোট রোগীর সংখ্যা-৪৭৫ জন।

১.১২। উপজেলা আনসার ও ভিডিপি অফিস:

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, আলোচ্য মাসে ৬০ জন আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের মাঝে সহায়তা প্রদান করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিস:

উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা জানান যে, অত্র প্রতিষ্ঠান শুরু থেকে ( ১৯৯৩ সাল হতে) এ পর্যন্ত ২৭৫২.৭৮ লক্ষ টাকা উপকারভোগীদের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে এবং শুরু থেকে এ পর্যন্ত ঋণ আদায় করা হয়েছে ২৯৯৮.৩৭ লক্ষ টাকা। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.১৪। উপজেলা প্রাণি সম্পদ অফিস:

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, অত্র দপ্তরের মাধ্যমে গবাদি পশুর টিকা ৮৪২৫ মাত্রা ও হাঁস, মুরগীর টিকা ৩৯০০০ মাত্রা প্রদান করা হয়েছে, ১৯২০ টি গবাদি পশু ও ১২,৫৪৬ টি হাঁস, মুরগীর চিকিৎসা করা হয়েছে। ১১৭৭টি গবাদি পশু কৃত্রিম প্রজনন করা হয়েছে। ১৩০০০টি উন্নত মানের ঘাসের কাটিং বিতরণ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১৫। উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, আলোচ্য মাসে মোট সক্ষম দম্পত্তি ৬৬৯৩৭ জন, মোট গ্রহণকারী ৫৫৬৭৭ জন, মোট গ্রহণকারীর হার ৭৯.৬১%, পুরুষ- ১৬৩৯১৮ জন, মহিলা- ১৫৯৯৩৯ জন, সর্বমোট= ৩২৩৮৫৭ জন। স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রম:

পুরুষ- ০১ জন, মহিলা- ০১জন, আইইউডি- ০৫ জন, ইমপ্ল্যান্ট- ৫৩ জন মোট গর্ভবতী- ১৬৬৪ জন, মোট ডেলিভারী- ১৫০ জন, সাধারণ রোগী পুরুষ- ৭৪১ জন, মহিলা- ২৭০০ জন।

১.১৬। পল্লী বিদ্যুৎ সমিতি:

ডিজিএম, মহাদেবপুর জোনাল অফিস, নওগাঁ পবিস-২, মহাদেবপুর, নওগাঁ জানান বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক-ভাবে চলছে। নিয়মিতভাবে বিদ্যুৎ সরবরাহ হচ্ছে। কোন সমস্যা নেই।

১.১৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২১-২০২২ অর্থ বছরে কাবিট/কাবিখা এর ১ম পর্যায়ের কাজের অগ্রগতি ৮০% সম্পন্ন হয়েছে। অন্যান্য কাজ চলমান রয়েছে ।

১.১৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস:

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, মহাদেবপুর উপজেলার খাদ্য শস্য মজুদ এর পরিমাণ চাউল সিদ্ধ=৫৪৭৮.৭৩৯ মে: টন গম = ৮১.১৪০ মে: টন, খালি বস্তা=৪৪৭৪৬২ খানা। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই ।

১.১৯। বন বিভাগ:

সভায় উপস্থিত উপজেলা বন কর্মকর্তা জানান, বন বিভাগের কাজকর্ম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে।

চলমান পাতা-৩

১.২০। উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ

উপজেলা প্রকৌশলী,মহাদেবপুর সভায় জানান যে,উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্প সমূহের উন্নয়ন মূলক কাজ শুরু করা হয়েছে। নিদিষ্ট সময়ের মধ্যে সকল প্রকল্পের কাজ সম্পূর্ণ এবং এডিপি প্রকল্প সমূহ সরেজমিনে পরিদর্শন করে প্রাক্কলন তৈরী করা হচ্ছে Online Tender প্রক্রিয়া e-GP এর মাধ্যমে দরপত্র আহ্বানে ঠিকাদার নির্বাচন করে কাজ শুরু করা হবে।

২। বিবিধ ঃ

২.১। গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের পূর্বাচল ও প্রান্তিক ভবন মেরামত ও রং করণ কাজের প্রাক্কলন করা হয়েছে। যা নিম্নরুপ ঃ

ক) উপজেলা পরিষদের পূর্বচল ভবন মেরামত ও রং করণ । ২,০০,০০০০/-টাকা।
খ) উপজেলা পরিষদের প্রান্তিক ভবন মেরামত ও রং করণ । ২,০০,০০০/- টাকা।

সিদ্ধান্ত ঃ

সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প দুটির কাজ জরুরী ভিত্তিতে করণের জন্য উপজেলা প্রকৌশলীকে সভায় অনুরোধ জানানো হয়। উপজেলা রাজস্ব তহবিল বাসাবাড়ী রক্ষণাবেক্ষণ ও মেরামত খাত হতে উক্ত অর্থ নির্বাহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

২.২। উপজেলা প্রকৌশলীর বাসাবাড়ী পরিত্যাক্ত করণ প্রসঙ্গে।

উপজেলা প্রকৌশলী,মহাদেবপুর সভায় জানান যে, তিনি বর্তমানে উপজেলা অফিসার্স কোয়াটারের উদয়ন ভবনে অবস্হান করছেন। ভবনটি বর্তমানে বসবাসের অযোগ্য হয়ে পড়েছে। ছাদের প্লাষ্টার নষ্ট হয়ে তা ভেঙ্গে ভেঙ্গে পড়ছে। তা ছাড়া ওয়ালের প্লাষ্টার খসে পড়ছে এবং অতিবৃষ্টিতে নীচতলায় হাটু পানি জমে পড়ে।বাসাটি পরিত্যাক্ত ঘোষনা করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ

সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত বাসাটি পরিত্যাক্ত ঘোষনা করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,মহাদেবপুরকে অনুরোধ জানান হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আহসান হাবীব
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মহাদেবপুর, নওগাঁ
☏০২৫৮৮৮৮৫১০০ মোবা: ০১৭১২-১৬৬৩১০
ই-মেইল: uzpcmohadevpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহাদেবপুর, নওগাঁ।
Website: mohadevpur.naogaon.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.০০০.১০.০১.২১-

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
২০ ডিসেম্বর২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ৪৮, নওগাঁ- ৩, মহাদেবপুর-বদলগাছী নির্বাচনী এলাকা, নওগাঁ।
২। জেলা প্রশাসক, নওগাঁ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
৫। উপজেলা --------------------------------------------------অফিসার, মহাদেবপুর, নওগাঁ।
৬। চেয়ারম্যান, ---------------------------------------------ইউপি (সকল), মহাদেবপুর, নওগাঁ।
৭। -------------------------------------------------------------------------

মোঃ মিজানুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
মহাদেবপুর,নওগাঁ।
☏০২৫৮৮৮৮৫০০১ মোবা: ০১৭৭৪৯১৪৮৪৯
ই-মেইল: unomohadevpur@mopa.gov.bd